দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 MAY 199[illegible]
পৃষ্ঠা ১ কলাম [illegible]

ভিসিদের প্রতি প্রেসিডেন্ট

# বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ বজায় রাখুন

বাসস ॥ প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস দেশের ভবিষ্যৎ প্রজন্মের যথাযথ বিকাশে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য বিশ্ববিদ্যালয়সমূহের

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট

(১ম পৃঃ পর)

ভাইস চ্যান্সেলরদের প্রতি আহ্বান জানাইয়াছেন। শিক্ষার্থীরা যাহাতে তাহাদের অধিত শিক্ষা ও দক্ষতা ব্যবহারিক জীবনে যথাযথভাবে কাজে লাগাইতে পারে সেজন্য তিনি নিজ নিজ প্রতিষ্ঠানে শিক্ষার গুণগত মান ও নিয়মানুবর্তিতা বজায় রাখার আহ্বান জানান।

ভাইস চ্যান্সেলরদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সদস্যগণ গতকাল মঙ্গলবার বঙ্গভবনে প্রেসিডেন্টের সহিত সাক্ষাৎ করেন। তাহাদের সহিত আলাপকালে প্রেসিডেন্ট আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলিকে সন্ত্রাসমুক্ত করার ক্ষেত্রে সরকার সাহায্য-সহযোগিতা করিবে। বুয়েটের ভিসি এবং পরিষদের সভাপতি প্রফেসর এম. শাহজাহানের নেতৃত্বে প্রতিনিধিদলে ছিলেন জাহাঙ্গীরনগর ভার্সিটির ভিসি প্রফেসর আমিরুল ইসলাম চৌধুরী, কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর শাহ মোহাম্মদ ফারুক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর রফিকুল ইসলাম চৌধুরী, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মোঃ এনামউল হক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর সৈয়দ মহিবউদ্দিন আহমদ, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর গোলাম আলী ফকির এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এম. শমসের আলী।